

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(www.mochta.gov.bd)

**বিষয়ঃ** জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয়ের উন্নয়নমূলক কার্যক্রমের প্রদর্শনীতে যান্ত্রিক বহর প্রেরণের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : বেগম রমা রাণী রায়।  
সভার তারিখ : ০৫/১০/২০১৭ খ্রিঃ।  
সভার সময় : সকাল ১১.৩০ টা।  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা “পরিশিষ্ট ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মহান বিজয় দিবস ২০১৭ উদযাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের প্রতীক সম্বলিত যান্ত্রিক বহর প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে আমন্ত্রণ জানানো হয়েছে এবং প্রতি বছরের ন্যায় এ বছরও মন্ত্রণালয় উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। গত বছরের এ অনুষ্ঠানে এ মন্ত্রণালয় ২য় স্থান অর্জন করায় সভাপতি এ বছর অনুষ্ঠানটি আরো দৃষ্টিনন্দন ও সুন্দর করার উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে কার্যক্রমটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে উপ-কমিটি গঠন করা হয়ঃ-

**\*\* র্যালী আয়োজন ও তদারকি উপ-কমিটিঃ**

(১) জনাব সুবিনয় ভট্টাচার্য, উপসচিব (প্রশাসন-১)	আহ্বায়ক
(২) জনাব এ.এস.এম শাহেন রেজা, উপসচিব (সমন্বয়-২)	সদস্য
(৩) মিঃ লীজা খাজা, সিনিয়র সহকারী সচিব (বাজেট/প্রশাসন-২)	সদস্য
(৪) মিঃ মকিমা বেগম, সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১)	সদস্য
(৫) মিঃ রীভা চাকমা, সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১)	সদস্য

**কার্যপরিধিঃ** উপকমিটি ট্রাক সংগ্রহ, ট্রাক সাজানোর জন্য ভেভর নির্বাচন, বিআরটি হতে প্রত্যয়নপত্র সংগ্রহ, মন্ত্রণালয়ের ধারা বিবরণী প্রস্তুত ও প্রেরণ, শিল্পী নির্বাচন, সংশ্লিষ্টদের অনুকূলে পুলিশ, বিশেষ শাখা হতে নিরাপত্তা পাস সংগ্রহ করবেন।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১৬/১০/২০১৭ খ্রিঃ

(রমা রাণী রায়)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-২৯.০০.০০০০.২১৩.২৩.০৩৭.১৫.

তারিখঃ ১৭/১০/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপসচিব (প্রশাসন-১/সমন্বয়-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২/পরিষদ-১/সমন্বয়-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সহকারী প্রোগ্রামার/অুইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।

(সুবিনয় ভট্টাচার্য)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬৪৩

Email: a.mochta@yahoo.com